

ভোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা ৩২ কলাম

শিক্ষক কল্যাণ ট্রাস্ট থেকে প্রাপ্য টাকার চেয়ে অনেক কম দেওয়ার অভিযোগ

সংগঠিত প্রতিবেদক : শিক্ষককর্মচারী কল্যাণ ট্রাস্ট থেকে সম্পূর্ণ মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের যে টাকা প্রদান করা হয়েছে, তা প্রাপ্য বরাদ্দের তুলনায় অনেক কম বলে অভিযোগ এনেছে বাংলাদেশ শিক্ষক সমিতি। ফেডারেশন, গতকাল বৃহস্পতিবার, এই অভিযোগ এনে এক বিবৃতিতে ফেডারেশন জানিয়েছে, যদি এই ধারা অব্যাহত থাকে, তাহলে অচিরেই বর্তমান কল্যাণ ট্রাস্টের কমিটির বিরুদ্ধে আন্দোলন কর্মসূচি নেওয়া হবে।

বিবৃতিতে ফেডারেশন নেতৃবৃন্দ জানান, এখন পর্যন্ত প্রত্যেক থেকে শুরু করে শিল্প, কৃষিক পদধারীদের যে টাকা কল্যাণ ট্রাস্ট প্রদান করেছে তাতে প্রাপ্য টাকার চেয়ে সর্বোচ্চ সাড়ে ২৭ হাজার এবং সর্বনিম্ন দেড় হাজার টাকা কম প্রদান করা হয়েছে।

নেতৃবৃন্দ বলেন, কল্যাণ ট্রাস্টের ব্যক্তিবিশেষের হঠকারী ও অসুস্থদর্শিতা কার্যক্রমের জন্য শিক্ষকদের কাছে সরকারের ভাবমূর্তি যাতে নষ্ট না হয়, সেই দায়িত্ব সরকারেরই। সে জন্য শিক্ষকদের হাথের পক্ষে দ্রুত কার্যকর ব্যবস্থা নিতে হবে। কল্যাণ ট্রাস্টের আগের কমিটি যে হিসাবে টাকা দিয়েছে, সে হিসাব অনুযায়ী টাকা দিতে হবে, তা থেকে কম দেওয়া টাকা যদি বর্তমান ট্রাস্ট পরিদেয় না করে তাহলে ফেডারেশন প্রতিরোধ কর্মসূচি ঘোষণা করবে।